আমাদেরসময়

তারিখ 23 FEB 2016
পৃষ্ঠা ২ কলাম ৭

# বাংলাদেশকে নিজের পথে এগিয়ে নেবেন শিক্ষকরা : তথ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক •

বাংলাদেশকে নিজের পথে এগিয়ে নিতে ভাষা-সংস্কৃতি নিয়ে শিক্ষাদানে ব্রতী হতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল রাজধানীর নায়েম মিলনায়তনে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির ১৪৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশ নেওয়া প্রায় ২০০ কর্মকর্তার সম্মেলনে আয়োজিত মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনাসভায় মহান ভাষা শহীদদের প্রতি সম্মান জানিয়ে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এ আহ্বান জানান।

তিনি বলেন, বাংলাদেশের পথ হচ্ছে পীর-ফকির-বাউল-দরবেশের পথ; বিভিন্ন জাতিসত্তার মিলন, রবীন্দ্র-নজরুল, গণতন্ত্র ও বঙ্গবন্ধুর স্বপ্নের পথ। এ পথে তালেবান, তেঁতুলহুজুর, আগুনসন্ত্রাসী, দলবাজ-দুর্নীতিবাজদের কোনো স্থান নেই।

হাসানুল হক ইনু বলেন, শিক্ষকরা কখনো নীতির সঙ্গে আপস করতে পারেন না, তারা জাতির আত্মা এবং শিক্ষার্থীদের সোনালি ভবিষ্যৎ দেখার খোলা জানালা।

ভাষার সঠিক উচ্চারণের কোনো বিকল্প নেই উল্লেখ করে তথ্যমন্ত্রী বলেন, বিকৃত উচ্চারণকারীরা ভাষার শত্রু। বিশ্ববিদ্যালয়গুলোয়ও বিভিন্ন অনুষদে বাংলা ভাষা শিক্ষা পাঠ্যক্রম চালু করা এবং তথ্যপ্রযুক্তি খাতে বাংলায় বিষয়বস্তু তৈরির ওপর গুরুত্বারোপ করেন তিনি।